



দেশবাসীর প্রত্যাশার কেন্দ্র এখন জাতীয় সংসদ: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদের স্পিকার নির্বাচিত হওয়ার পর শুভেচ্ছা বক্তব্য দেন হাফিজ উদ্দিন আহমেদ। এর পর সংসদে বক্তব্য রাখেন প্রধানমন্ত্রী তারেক রহমান। প্রধানমন্ত্রী বলেন, বর্তমান সংসদ জনগণের প্রতিনিধিত্বশীল একটি প্রতিষ্ঠান, আর তাই দেশের মানুষ এ সংসদের কার্যক্রমের দিকে গভীর আগ্রহ নিয়ে তাকিয়ে আছে। তিনি মন্তব্য করেন, গত দেড় দশকে যারা রাষ্ট্র পরিচালনায় ছিলেন, তারা জনগণের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত প্রতিনিধি ছিলেন না। দেশ ও জনগণের স্বার্থকে অগ্রাধিকার দিয়ে যুক্তিনির্ভর আলোচনা ও বিতর্কের মাধ্যমে সংসদকে আরও প্রাণবন্ত ও কার্যকর করার আহ্বান জানান তিনি সংসদ সদস্যদের প্রতি। এ সময় স্পিকারের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ উল্লেখ করে তিনি স্পিকারের দৃষ্টি আকর্ষণ করেন। প্রধানমন্ত্রী স্পিকার ও ডেপুটি স্পিকারকে পূর্ণ সহযোগিতার আশ্বাস দেন এবং তাদের অভিনন্দন জানান।

LENS ASIA